ডেমক্রেসিওয়াচ ইনহাউজ বুলেটিন

জনগনের দরবার বুলেটিন -৪

২য় বর্ষ, ৫ম সংখ্যা ৬ সেপ্টেম্বর ২০০৫

২৪ আগষ্ট দিনাজপুরে এ্যাডভোকেসী সেমিনার অনুষ্ঠিত

ইউনিয়ন পরিষদের উন্নয়নে স্থানীয় ও নীতি নির্ধারনী পর্যায়ে এ্যাডভোকেসী করার লক্ষ্যে ডেমক্রেসিওয়াচ বেশ কিছু খসড়া এ্যাডভোকেসী ইস্যু তৈরি করেছে। সেই ইস্যুগুলো নিয়ে মাঠ পর্যায়ে ব্যাপক আলোচনার লক্ষ্যে সংস্থার জনগনের দরবার প্রকল্প থেকে গত ২৪ আগষ্ট দুপুর তিনটায় দিনাজপুরের সিংড়া ইউনিয়ন পরিষদ ভবনে এক সেমিনার অনুষ্ঠিত হয়। থানা নির্বাহী কর্মকর্তা রঞ্জিত কুমার দাস এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মোজাম্মেল হক, মনসুর আলম, শাহজালাল, মোঃ মাহাতাব, মোঃ সোলাইমান, আশাপূর্ণ ব্যানার্জী, মিল্টন মল্লিক, মোঃ মোজাইদুর রহমান প্রমুখ। বক্তারা ইউনিয়নের সকল প্রকল্পে প্রকল্প বাস্তবায়ন কমিটির সদস্যদের নাম প্রকাশ, ইউনিয়নে অংশগ্রহণমুলক বাজেট প্রণয়ন, ইউপি প্রতিনিধিদের সাথে সরাসরি সংলাপ, ইউপি নারী প্রতিনিধিদের সমানভাবে কাজ প্রদানের সুপারিশ করেন। ডেমক্রেসিওয়াচের পক্ষ থেকে প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল ও ভিএসও ভলান্টরিয়ার পল ওয়ামবুগু উপস্থিত ছিলেন।

খগাখড়িবাড়ীতে দিনব্যাপী অভিজ্ঞতা বিনিময় সভা

নীলফামারীর খগাখড়িবাড়ীতে গত ১০ আগষ্ট 'জনগনের দরবার প্রকল্পের বর্তমান অবস্থা ও ভবিষ্যত কার্যক্রম' সম্পর্কে দিনব্যাপী এক অভিজ্ঞতা বিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জনগনের দরবার প্রকল্পের ৬ ইউনিয়নের প্রোগ্রাম অফিসার, সহকারী প্রোগ্রাম অফিসার ও ইউনিয়ন অর্গানাইজাররা উপস্থিত ছিলেন। দিনব্যাপী এই আলোচনা সভায় প্রকল্পের সাফল্য, চ্যালেঞ্জ ও বর্তমান কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এরপর নতুন প্রকল্পের জন্য অংশগ্রহণকারীরা লিখিতভাবে বিভিন্ন সুপারিশমালা প্রণয়ন করেন। ডেমক্রেসিওয়াচের ঢাকা অফিস থেকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোস্তফা সোহেল, ফিরোজ মোঃ নূরুন নবী যুগল, সাইফুল ইসলাম ও মহিউদ্দিন রানা প্রমুখ।

নীলফামারীতে কর্মী প্রশিক্ষণ কর্মশালা

গত ১১ আগষ্ট নীলফামারীর স্কাউট ভবন মিলনায়তনে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জনগনের দরবার প্রকল্পের কর্মী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় প্রকল্পের ২৫ জন কর্মী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে অংশগ্রহণমূলক প্রকল্প প্রণয়ন, স্ট্রাটেজিক ম্যানেজমেন্ট, ড্যানিডার প্রকল্প ফরমেট এবং জনগনের দরবার প্রকল্পের আদ্যপান্ত নিয়ে আলোচনা হয়। প্রশিক্ষণ কর্মশালায় সহায়কের ভূমিকা পালন করেন ডেমক্রেসিওয়াচের প্রোগ্রাম ম্যানেজার মোস্তফা সোহেল।

শুরু হয়েছে ইউনিয়ন পরিষদের পারফরমেন্স এ্যাপ্রাইজাল

দাতা সংস্থা ড্যানিডার সহায়তায় ডেমক্রেসিওয়াচ গত অক্টোবর ২০০৩ থেকে যশোরের ফতেপুর ও রামনগর ইউনিয়ন, দিনাজপুরের সিংড়া ও বুলাকীপুর, নীলফামারীর খগাখড়িবাড়ী এবং গাজীপুরের বাসনে ইউনিয়ন পরিষদের আর্থিক, প্রশাসনিক ব্যবস্থাপনা, সেবার মান উন্নয়ন ও পরিচালনাগত দুর্বলতা নিরসন করার লক্ষ্যে একটি সমন্বিত কর্মসূচি হাতে নিয়েছে। এই কার্যক্রমের অংশ হিসেবে গত আগষ্ট থেকে শুরু হয়েছে ইউনিয়ন পরিষদের পারফরমেন্স এ্যাপ্রাইজাল। এজন্য প্রকল্পভূক্ত ৬টি ইউনিয়ন পরিষদে ৩ লক্ষ রিপোর্টিং ফর্ম প্রদান করা হয়েছে। ৬ ইউনিয়নে প্রতিদিন গড়ে ২৫০ জন ভলান্টিয়ার ইউনিয়ন পরিষদের বিভিন্ন জায়গায় গিয়ে এই রিপোর্টিং ফর্ম পূরণ করছেন। ইতিমধ্যে প্রকল্পভূক্ত সকল অফিসগুলোর কম্পিউটারে এসপিএসএস সফটওয়ার স্থাপন করা হয়েছে। দেওয়া হয়েছে প্রশিক্ষণ। প্রতি মাসে প্রাপ্ত ডাটাগুলো পর্যালোচনা করে ইউনিয়ন পরিষদের উপরে স্থানীয় ও জাতীয় পত্র-পত্রিকায় একটি রিপোর্ট প্রদান করা হবে। শুধু তাই নয় এসব রিপোর্টের ভিত্তিতে ডেমক্রেসিওয়াচের ইউপি বিষয়ক পরবর্তী কার্যক্রমও নির্ধারিত হবে।

রামনগরে ইউপি প্রতিনিধিদের সাথে আলোচনা ও সাংবাদিক সম্মেলন

গত ১২ জুন ডেমক্রেসিওয়াচের নির্বাহী পরিচালক তালেয়া রেহমান যশোরের রামনগর ইউনিয়ন পরিষদের সকল প্রতিনিধিদের সাথে এক আলোচনা সভায় যোগদান করেন। তিন ঘন্টাব্যাপী এই আলোচনা সভায় ইউপি প্রতিনিধিরা জনগনের দরবারের কার্যক্রমের বিভিন্ন ইতিবাচক দিকগুলো তুলে ধরেন। ইউপি প্রতিনিধিরা ভবিষ্যতে এই প্রকল্পের কল্যাণে আরো কিছু সুপারিশ করেন। ঐ দিনেই বেলা সাড়ে এগারোটায় রামনগর ইউনিয়নের দক্ষিণ পাড়া থেকে কাজীপুর পর্যন্ত (১ কিলোমিটার) একটি রাস্তা উদ্বোধন করেন তালেয়া রেহমান। উল্লেখ্য ঐ সড়কটি জনগনের দরবারের পরামর্শ কমিটি ও ইউপির যৌথ প্রচেষ্টায় নির্মিত হয়। একই দিন দুপুর ১২টায় তালেয়া রেহমান যশোর প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে যোগদান করেন। এ সময়ে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রামনগর ইউপি চেয়ারম্যান এড. আফজাল হোসেন, মোস্তফা সোহেল, শরিফুল হক রিপন, মুজতবা শামীম, জুবায়দুর রহমান ও শফিউর রহমান প্রমুখ।

ফতেপুরে বাজেট পরবর্তী আলোচনা

গত ৩ সেপ্টেম্বর সকাল ১০টায় ফতেপুর ইউপি ভবনে ইউপি প্রতিনিধিদের সাথে জনগনের বাজেট পরবর্তী আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তারা কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন প্রভৃতি বিষয়ে বাজেটে নির্ধারিত বিভিন্ন সমস্যা সমাধানের অগ্রগতি নিয়ে আলোচনা করেন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ফতেপুর ইউনিয়নের সচিব নূরুন নবী, ইউপি প্রতিনিধি দীনবন্ধু দে, মুজতবা শামীম, শরিফুল হক প্রমুখ।

জনগনের দরবারের কয়েকটি সাফল্য

গত জানুয়ারী ২০০৫ থেকে অগাষ্ট ২০০৫ পর্যন্ত জনগনের দরবার ইউনিয়ন পর্যায়ে বেশ কয়েকটি সাফল্য লাভ করেছে। সাফল্যগুলো হলো-

- রামনগর ইউনিয়নে গত ২৯ জুন সকাল ১১টায় যশোরের ইতিহাসে তৃতীয় বারের মতো উন্মুক্ত ও অংশগ্রহণমূলক বাজেট পেশ করা হয়।
- গত ৩ সেপ্টেম্বর ফতেপুর ইউনিয়নে বাজেট পরবর্তী ফলোআপ আলোচনা অনুষ্ঠিত হয়।
- গত ২৮ মে রামনগর নামেজ সরদার হাই স্কুলে পরামর্শ কমিটি ইউপির কাছ থেকে ৯টি বৈদ্যুতিক পাখা স্থাপন করে।
- গত ৩০ এপ্রিল বুলাকীপুরে ১নং ওয়ার্ডে পরামর্শ কমিটির উদ্যোগে কয়েকটি স্যানিটারী ল্যাট্রিন স্থাপন করেন।
- গত ২০ জুন বুলাকীপুর ইউনিয়নে কুলনন্দপুর গ্রামের নদীর পাশে পরামর্শ কমিটি মাটি ভরাটের কাজ করে।
- গত ১২ জুলাই বিকেল ৪টায় খগাখড়িবাড়ী ইউপি'র চেয়ারম্যান বেলায়েত হোসেন জনগনের মুখোমুখি সংলাপে অংশ নেন।
- সিংড়া ইউনিয়ন পরিষদে স্ট্যান্ডিং কমিটি গঠিত হয়েছে। গত ৯ মে প্রাক বাজেট আলোচনা হয় ইউপি ভবনে।

১০ জুলাই নীলফামারীতে এ্যাডভোকেসী সেমিনার অনুষ্ঠিত

ইউনিয়ন পরিষদের উন্নয়নে গত ১০ জুলাই সকাল ১০টায় নীলফামারীর,ডিমলা,বিআরডিবি ভবনে এক সেমিনার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মকবুল হোসেন, ওয়ারেস সরকার, এম এস স্বপন, মতিয়ার রহমান, আব্দুল ওয়াহেদ পলাশ, জগদীশ চন্দ্র প্রমুখ। বক্তারা ইউনিয়নে অংশগ্রহণমুলক বাজেট প্রণয়ন, ইউপি প্রতিনিধিদের সাথে সরাসরি সংলাপ, ইউপি প্রতিনিধিদের বেতন বৃদ্ধি, গ্রাম আদালতের বিচার ক্ষমতা বিশ হাজার টাকায় উন্নীত করার সুপারিশ করেন। ডেমক্রেসিওয়াচের পক্ষ থেকে প্রোগ্রাম অফিসার ফিরোজ মোঃ নূরুন নবী যুগল ও সহকারী প্রোগ্রাম অফিসার মহিউদ্দিন রানা উপস্থিত ছিলেন।

১০ জুলাই গাজীপুরে এ্যাডভোকেসী সেমিনার অনুষ্ঠিত

ইউনিয়ন পরিষদের উন্নয়নে গত ১০ জুলাই সকাল ১০টায় গাজীপুরের এডিআইপি ভবনে এক সেমিনার অনুষ্ঠিত হয়। কৃষি সম্প্রসারণ বিভাগের উপ-পরিচালক আবদুছ ছাত্তার মোল্লা এই সেমিনারের সভাপতিত্ব করেন । সেমিনারে বক্তব্য রাখেন রিনা ইসমিন, ইকবাল মাহমুদ, মোঃ জহিরুল ইসলাম, রমজান হোসেন, আমেনা বেগম, হালিমা বেগম প্রমুখ। বক্তারা অকার্যকর ইউনিয়নকে কার্যকরী করার জন্য সকলের অংশগ্রহণ নিশ্চিত করার উপর গুরুত্ব আরোপ করেন। ইউপি প্রতিনিধিদের সাথে সরাসরি সংলাপ, ইউপি চেয়ারম্যান ও মেম্বারদের পরিচয় পত্র প্রদান ইত্যাদি বিষয়ে সুপারিশ করেন। ডেমক্রেসিওয়াচের পক্ষ থেকে প্রোগ্রাম অফিসার সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন।

সেপ্টেম্বর, ২০০৫ এর কার্যক্রম

- আগামী ১০ সেপ্টেম্বর ওয়েভ ফাউন্ডেশনের লোকমোর্চার সঙ্গে জনগনের দরবার পরামর্শ কমিটির অভিজ্ঞতা বিনিময় সভা।
- ১২ ও ১৩ সেপ্টেম্বর ইউপি প্রতিনিধি প্রশিক্ষণ ফতেপুর ও রামনগরে।
- ১৪ সেপ্টেম্বর রামনগর ইউপিতে এ্যাভোকেসী সেমিনার।
- ১৫ সেপ্টেম্বর বাসনে ইউনিয়ন প্রতিনিধি প্রশিক্ষণ।
- ১৬-১৭ সেপ্টেম্বর ভিডিও ডকুমেন্টারী শো খগাখড়িবাড়ীতে।
- ২২-২৩ সেপ্টেম্বর বুলাকীপুর ও সিংড়ায় ইউনিয়ন প্রতিনিধি প্রশিক্ষণ।
- ২৫ সেপ্টেম্বর বুলাকীপুরে এ্যাডভোকেসী সেমিনার।
- ২৯-৩০ সেপ্টেম্বর পরামর্শ কমিটির 'এক্সপোজার ভিজিট' শাহাপাড়া ইউনিয়ন, গাইবান্ধায়।
- ১-৩০ সেপ্টেম্বর ৬ অফিসের ইউপি কার্যক্রম মনিটরিং।

মার্চ-আগষ্ট ২০০৫

দেশে গত ৬ মাসে ৭ ইউপি প্রতিনিধি নিহত, আহত ১৯

গত ৬ মাসে সারা দেশে ইউপি প্রতিনিধি খুন হয়েছেন ৭ জন। এদের মধ্যে ২ জন ইউপি চেয়ারম্যান ও ৫ জন ইউপি সদস্য। বিভিন্ন সন্ত্রাসী হামলায় এ সময়ে সারা দেশে আহত হয়েছেন আরো ১৯ জন ইউপি প্রতিনিধি। তবে আগষ্ট মাসে কোনো ইউপি প্রতিনিধি নিহত হননি। এমনকি বিভিন্ন সন্ত্রাসী ঘটনায় এসময়ে ছ'জন ইউপি প্রতিনিধি আহত হন।

প্রাপ্ত তথ্য ঃ

নিহতের সংখ্যা

গত মার্চ ২০০৫ থেকে আগস্ট ২০০৫ পর্যন্ত ৬ মাসে সারা দেশে ৭ জন ইউপি প্রতিনিধি নিহত হয়েছেন্। এদের মধ্যে গত মার্চ মাসে ২ জন, এপ্রিল মাসে ১ জন, মে মাসে ২ জন, জুন মাসে ১ জন এবং জুলাই মাসে ২ জন নিহত হয়েছেন। গত ৬ মাসে যেসব ইউপি চেয়ারম্যান নিহত হয়েছেন তারা হলেন- ঝিনাইদহের হরিনাকুন্ড উপজেলার ভায়না ইউনিয়নের চেয়ারম্যান মইনুদ্দিন আহমেদ মন্টু ও চট্টগ্রামের ফটিকছড়ি উপজেলার রাঙ্গামাটিয়া ইউনিয়নের চেয়ারম্যান আবু জাফর মোঃ আলমগীর।

এসময়ে আরো যে কয়েকজন ইউপি সদস্য নিহত হয়েছেন তারা হলেন- চট্টগ্রাম রাউজান উপজেলার হলদিয়া ইউনিয়নের ৪ নং ওয়ার্ডের শাহ আলম (৪০), কুমিল্লার সদর উপজেলার দুর্গাপুর ইউনিয়নের আব্দুল মান্নান (৬০), মানিকগঞ্জের দৌলতপুর উপজেলার কালিয়া ইউনিয়নের সদস্য বাচ্চু, খুলনার ফুলতলা উপজেলার আটরা গিলাতলা ইউনিয়নের সদস্য শাহাদত সরদার (৪৪) ও সিলেটের গোপালগঞ্জ উপজেলার শরীয়তপুর ইউনিয়নের সদস্য মজনু মিয়া (৫০) ।

ইউপি প্রতিনিধি আহতের সংখ্যা

গত ৬ মাসে সারা দেশে ১৯ জন ইউপি প্রতিনিধি আহত হয়েছেন। এরমধ্যে গত মার্চ মাসে সারা দেশে ২ জন ইউপি সদস্য আহত হয়েছেন। গত এপ্রিল মাসে সারা দেশে ১ জন ইউপি চেয়ারম্যান এবং ২ জন ইউপি সদস্য আহত হয়েছেন। মে মাসে ১ জন ইউপি চেয়ারম্যান এবং ১ জন ইউপি সদস্য আহত হয়েছেন এবং জুন মাসে ৪ জন ইউপি চেয়ারম্যান ও ১ জন ইউপি সদস্য আহত হয়েছেন। জুলাই মাসে সারা দেশে ২ জন ইউপি চেয়ারম্যান ও ৩ ইউপি সদস্য আহত হয়েছেন । এছাড়াও আগস্ট মাসে সারা দেশে ১ জন ইউপি চেয়ারম্যান ও ১ জন ইউপি সদস্য আহত হয়েছেন । সংঘর্ষ, সন্ত্রাসী হামলা, প্রতিপক্ষের হামলা, এসিড নিক্ষেপ প্রভৃতি কারণে এসব ইউপি প্রতিনিধিগণ আহত হয়েছেন বলে জানা গেছে।

দূর্নীতি

মার্চে ১১ জন ইউপি প্রতিনিধি, এপ্রিলে ৮ জন, মে মাসে ৮ জন, জুন মাসে ৯ জন, জুলাই মাসে ১০ জন এবং আগষ্টে ৬ জন ইউপি প্রতিনিধির বিরুদ্ধে দূর্নীতির খবর প্রকাশিত হয়। ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ, উৎকোচ গ্রহণ, প্রকল্পের টাকা আত্মসাৎ, স্বজনপ্রীতি, ভিজিডি ভিজিএফ কার্ড বন্টনে অনিয়ম বিষয়ক খবর প্রকাশিত হয়।

প্রকাশনায় ঃ তালেয়া রেহমান, নির্বাহী পরিচালক, ডেমক্রেসিওয়াচ, সহায়তায়ঃ মানবাধিকার ও সুশাসন কার্যক্রম, ড্যানিডা
জনগনের দরবার প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার -**মোস্তফা সোহেল**, প্রোগ্রাম অফিসার **ফিরোজ মোঃ নূরুন-নবী যুগল**, **সাইফুল ইসলাম**, সহকারী প্রোগ্রাম অফিসার **মহিউদ্দিন রানা**, ইর্ন্টান নিলুফা ইয়াসমিন মুন, তৌফিক এলাহী, হাবিবা ফারজানা আজিম, সরোজ রায়, দীপংকর, -এর প্রচেষ্টায়। ডেমক্রেসিওয়াচ ৭, সার্কিট হাউজ রোড, রমনা ঢাকা থেকে প্রকাশিত।
ফোন- ৯৩৪৪২২৫-৬, ৯৩৬০৫৮৮-৯, ৯৩৩০৪০৫, ফ্যাক্স- ৮৩১৫৮০৭